শৈলকুপায় মাদক-সন্ত্রাসমুক্ত ইউনিয়ন গড়ার অঙ্গিকার চেয়ারম্যান প্রার্থী জাফর মোল্লার

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ত্রিবেণী ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে প্রার্থী হওয়ার ঘোষণা দিয়েছেন ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও ইউনিয়ন বিএনপির সহসভাপতি জাফর ইকবাল মোল্লা।

বিকেলে শেখপাড়া বাজারে আনুষ্ঠানিকভাবে নিজের প্রার্থিতার ঘোষণা দেন তিনি। এ উপলক্ষে নিজের নির্বাচনী অঙ্গীকার তুলে ধরে একটি ব্যানারও উন্মোচন করেন। শেখপাড়া বাজারে নির্বাচনী অঙ্গীকারের ব্যানার উন্মোচনের মধ্য দিয়ে নিজের নির্বাচনী কার্যক্রমের আনুষ্ঠানিক সূচনা করেন জাফর মোল্লা। প্রার্থিতা ঘোষণার পর স্থানীয়দের সঙ্গে মতবিনিময়ও করেন তিনি।

প্রার্থিতা ঘোষণাকে কেন্দ্র করে শেখপাড়া বাজারে স্থানীয় মানুষের উপস্থিতিতে এক মিলনমেলার পরিবেশ তৈরি হয়। এসময় উপস্থিত ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল মো. শহিদুল মন্ডল,বীর মুক্তিযোদ্ধা মো.তবিবর জোয়ার্দার,শেখপাড়া দুঃখী মাহমুদ ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মো. জাহাঙ্গীর জোয়ার্দার, শেখপাড়া বণিক সমিতির সভাপতি ও বিশিষ্ট ব্যবসায়ী মো. হাকিম মোল্লা,৫ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মো. গাজী শেখ। এ ছাড়া স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধি,গণ্যমান্য ব্যক্তি ও ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন।

প্রার্থিতা ঘোষণার পর জাফর ইকবাল মোল্লা বলেন,’ত্রিবেণী ইউনিয়নের মানুষের সঙ্গে আমার দীর্ঘদিনের সম্পর্ক। অতীতে চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনকালে এলাকার উন্নয়ন ও মানুষের সেবায় কাজ করার চেষ্টা করেছি।

আবারও দায়িত্ব পাওয়ার সুযোগ হলে ইউনিয়নের রাস্তাঘাট,শিক্ষা,স্বাস্থ্যসেবা,মাদক-সন্ত্রাসমুক্ত, যোগাযোগব্যবস্থার উন্নয়ন এবং সাধারণ মানুষের নাগরিক সুবিধা নিশ্চিত করতে অগ্রাধিকার দেব। কোনো প্রতিশ্রুতি দিয়ে মানুষকে বিভ্রান্ত করতে চাই না। জনগণের মতামত ও প্রত্যাশাকে গুরুত্ব দিয়ে

মুজিবনগরে ভূমিদস্যুতা, সন্ত্রাস, চাঁদাবাজি ও মাদক কারবারের বিরুদ্ধে প্রেস ব্রিফিং

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের রশিকপুর গ্রামে ভূমিদস্যুতা, সন্ত্রাস, চাঁদাবাজি, অবৈধ অস্ত্রের ব্যবহার ও মাদক কারবারের বিরুদ্ধে সচেতন নাগরিকদের ব্যানারে প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৮ অক্টোবর) বিকেল সাড়ে ৪টার দিকে রশিকপুর গ্রামের মধ্যপাড়ায় গ্রামের সর্বস্তরের জনগণের আয়োজনে এ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মুজিবনগর উপজেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক ও মোনাখালী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক সুরুজ আলী খান। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আশাদুল হক। এতে সভাপতিত্ব করেন মোনাখালী ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি সোহরাব খান (তোতা)। অনুষ্ঠান সঞ্চালনা করেন একই ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক বিজয় গাজী।
প্রেস ব্রিফিংয়ে সুরুজ আলী খান গত ২১ অক্টোবরের একটি ঘটনার বিবরণ তুলে ধরে অভিযোগ করেন, রশিকপুর গ্রামে বিএনপির মনোনীত মেম্বার প্রার্থী হিসেবে গণসংযোগে যাওয়ার সময় ওয়াদানের দোকানের সামনে এরশাদ নামের এক ব্যক্তি তাঁর গতিরোধ করেন এবং তাঁকে গালিগালাজ করেন।
তিনি দাবি করেন, দলীয় পরিচয় নিয়ে তাঁকে অপমানজনক কথাবার্তা বলা হয়। এর প্রতিবাদ জানিয়ে বাধা দেওয়ার কারণ জানতে চাইলে ১০ থেকে ১২ জন ব্যক্তি তাঁর ওপর চড়াও হন। পরে স্থানীয় কয়েকজনের হস্তক্ষেপে

পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।
সুরুজ আলী খান আরও অভিযোগ করেন, বাড়িতে ফিরে যাওয়ার কিছুক্ষণ পর তিনি জানতে পারেন, তাঁর চাচাতো ভাই তোতার বাড়িতে হামলা ও ভাঙচুর করা হয়েছে। এ সময় তাঁর আরেক চাচাতো ভাই আসলাম হামলা ঠেকাতে এগিয়ে গেলে আশিক নামের এক ব্যক্তি পেছন থেকে দেশীয় অস্ত্র রামদা দিয়ে তাঁকে কোপ দিয়ে আহত করেন বলে তিনি দাবি করেন।
এসব ঘটনার সুষ্ঠু তদন্ত করে জড়িতদের শনাক্ত এবং তাঁদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানান সুরুজ আলী খান। একই সঙ্গে এলাকায় সন্ত্রাস, চাঁদাবাজি, অবৈধ অস্ত্রের ব্যবহার, মাদক কারবার ও সাধারণ মানুষের মধ্যে ভয়ভীতি সৃষ্টির মতো কর্মকাণ্ড বন্ধে প্রশাসনের কার্যকর পদক্ষেপ কামনা করেন তিনি।
প্রেস ব্রিফিংয়ে বক্তারা এলাকার শান্তি-শৃঙ্খলা বজায় রাখা, সাধারণ মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিত করা এবং অপরাধের অভিযোগ নিরপেক্ষভাবে তদন্ত করে দোষীদের আইনের আওতায় আনার আহ্বান জানান।
তাঁরা বলেন, রশিকপুরসহ মুজিবনগর উপজেলার প্রতিটি এলাকায় শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করা জরুরি। রাজনৈতিক পরিচয় কিংবা ক্ষমতার প্রভাব ব্যবহার করে কেউ যেন সাধারণ মানুষকে হয়রানি করতে না পারে, সে বিষয়ে প্রশাসনকে সতর্ক ও কার্যকর ভূমিকা পালন করতে হবে।
প্রেস ব্রিফিং থেকে সংশ্লিষ্ট প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি ঘটনার নিরপেক্ষ তদন্ত, আসলামের ওপর হামলার অভিযোগ যাচাই এবং এলাকায় অপরাধ দমনে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের আহ্বান জানানো হয়।

ঝিনাইদহে মাদক সন্ত্রাস ও সামাজিক অবক্ষয় প্রতিরোধ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না ইউনিয়নে মাদক সন্ত্রাস ও সামাজিক অবক্ষয় প্রতিরোধ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৮ অক্টোবর) সকালে উপজেলার ৩নং সাগান্না ইউনিয়ন পরিষদে আনসার ও ভিডিপি সদস্যদের নিয়ে মাদক,সন্ত্রাস ও সামাজিক অবক্ষয় প্রতিরোধ বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন পরিষদের আনসার ও ভিডিপি দলনেতা পারভেজ আহম্মেদ এর আহবানে এ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন অত্র ইউনিয়নের প্রশিক্ষিত আনসার ও ভিডিপির ৫০ জন পুরুষ ও মহিলা সদস্যসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ। মতবিনিময় সভায় ইউনিয়ন আনসার ও ভিডিপি দলনেতা উপস্থিত সদস্যদের মাঝে মাদকের ভয়াবহতা, সন্ত্রাস ও সামাজিক অবক্ষয়ের ভয়াল চিত্র বিশদভাবে তুলে ধরেন। তিনি সকলকে এ বিষয়ে সতর্ক থাকার জোর তাগিদ দেন এবং তাদের পরিবার ও আত্মীয় স্বজনসহ সকলকে মাদকমুক্ত সমাজ গঠনে ভূমিকা রাখার আহবান জানান। দলনেতা পারভেজ আহম্মেদ সকল আনসার ও ভিডিপি সদস্যদের পরিবার ও তাদের আত্মীয় স্বজনকে মাদক ও সন্ত্রাসমুক্ত রাখার ব্যাপারে জোর দাবি জানান।

গাংনীর রাইপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সম্পাদক সাগর গ্রেফতার

বিশেষ ক্ষমতা আইনে পুলিশের দায়ের করা মামলার অন্যতম আসামি গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক সাগর হোসেন (৪০) কে গ্রেফতার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

সাগর হোসেন গাংনী উপজেলার এলাঙ্গী গ্রামের সরোয়ার হোসেনের ছেলে।

মেহেরপুর সেনাবাহিনীর একটি টিম গোপন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, সম্প্রতি গাংনী উপজেলার এলাঙ্গী গ্রামে আওয়ামীলীগ ও তার অঙ্গ সংগঠণের নেতাকর্মীরা জড়ো হয়ে সরকার বিরোধী গোপন মিটিং করার অপরাধে একটি মামলা হয়। সে মামলার এজাহার নামীয় আসামি সাগর হোসেন। তাকে মঙ্গলবার দুপুরের দিকে আদালতে নেওয়া হলে তাকে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেন বিজ্ঞ বিচারক।

জীবননগরে সন্ত্রাস ,জঙ্গীবাদ ও মাদক বিরোধী কার্যাক্রমের শীর্ষক আলোচনা

জীবননগর উপজেলা পর্যায়ে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী কার্যাক্রমে জনমত সৃষ্টি এবং বিজয়ের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোঃ নজরুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ইশা,ইসলামী ফাউন্ডেশনের কমকতা আব্দুল হাকিমসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

চাকুরীর অভিজ্ঞতা মাদক, সন্ত্রাস ও খারাপ নির্মূলে কাজে লাগাতে হবে -পুলিশ সুপার রাফিউল আলম

অবসরপ্রাপ্ত পুলিশ সদস্যদের উদ্দ্যেশ্যে মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলম বলেন আপনাদের চাকুরী জীবনের অভিজ্ঞতা সমাজ থেকে মাদক, সন্ত্রাস ও খারাপ নির্মূলে কাজে লাগাতে হবে। অবসরের দিনগুলি ভাল কাজের সাথে থাকার আহবান জানিয়ে তিনি বলেন, আপনারা ব্যক্তি জীবনের কোনো সমস্যায় পড়লে সরাসরি পুলিশ সুপারকে জানানোরও অনুরোধ করেন তিনি।

মেহেরপুরে রিটায়ার্ড পুলিশ এ্যাসোসিয়েশনের সদস্যদের মাঝে নিবন্ধন সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন পুলিশ সুপার মো: রাফিউল আলম।

আজ সোমবার (১৪ নভেম্বর) সকাল ১০ টার সময় নতুন শেখপাড়া এলাকায় সংস্থার কার্যালয়ে এই সনদপত্র বিতরণ অনুষ্ঠিত হয়।

রিটায়ার্ড পুলিশ এ্যাসোসিয়েশনের মেহেরপুর জেলা শাখার সভাপতি দেওলওয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত নিবন্ধন সনদপত্র বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক (ডিডি) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বী, শহর সমাজ কার্যালয়ের সোহেল মাহমুদ, সাবেক পুলিশ পরিদর্শক আব্দুল জলিল, মেহেরপুর পৌর সভার ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজীব।

বিন্ধন সনদ বিতরণ অনুষ্ঠানে পুলিশ বিভাগ থেকে অবসরে যাওয়া পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ শীর্ষক কর্মশালা

ঝিনাইদহে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)’র তত্বাবধানে শনিবার সকালে শহরের ফুড সাফারি মিলানয়তনে এ কর্মশালার আয়োজন করে ডাচ্ বাংলা ব্যাংক।

ডাচ্ বাংলা ব্যাংক’র ক্যামেলকো ও ডেপুটি ম্যানেজি ডিরেক্টর মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন’র সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিএফআইইউ’র অতিরিক্ত পরিচালক মাসুদ রানা। বক্তব্য রাখেন বিএফআইইউ’র যুগ্ম পরিচালক আল আমীন রিয়াদ ও এফ এম সালেহ উদ্দিন, ডাচ্ বাংলা ব্যাংক ঝিনাইদহ শাখার ব্যবস্থাপক সাইদুর রহমান।

কর্মশালায় জেলায় অবস্থিত ২৯ টি ব্যাংকের ৬৫ জন কর্মকর্তা অংশ নেয়। দিনব্যাপী কর্মশালায় অংশ নেয়া কর্মকর্তাদের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে জ্ঞান অর্জন ও নিজ নিজ কর্মক্ষেত্রে তার প্রয়োগের জন্য নানা প্রশিক্ষণ প্রদাণ করা হয়।